চুয়াডাঙ্গা ডিঙ্গেদহে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণ

চুয়াডাঙ্গা সদর উপজেলার শংকরচন্দ্র ইউনিয়নের ডিঙ্গেদহ বাজার বাফার মাঠে গতকাল শনিবার দুপুর সাড়ে তিনটার সময় মরহুম আঙ্গির মোল্লা স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

টুর্নামেন্টে শংকরচন্দ্র ইউনিয়ন যুবলীগের সভাপতি ও ৪নং ওয়ার্ডের সাবেক মেম্বর আবুল কালাম আজাদের সভাপতিত্বে টুর্নামেন্টের ফাইনাল ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রিয়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার।

এ সময় তিনি বলেন, আগামী স্মার্ট বাংলাদেশ গড়তে স্মার্ট নাগরিকের পাশাপাশি স্মার্ট খেলোয়াড় দরকার। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকল ছাত্র ছাত্রীদের খেলার জন্য আলাদা কিছু ভাবছে। তাই বেশি বেশি খেলার অনুশীলনী করতে হবে। যারা খেলাধুলা করেন, তাঁদের মন ভালো থাকে, তাঁরা শান্তিতে থাকেন। মাদক, সন্ত্রাস ও জঙ্গি তৎপরতা থেকে দূরে থাকেন। সুন্দর সমাজ গঠন করতে বেশি করে খেলাধুলার আয়োজন করার আহ্বান জানান তিনি।

মরহুম আঙ্গির মোল্লা স্মৃতি ফুটবল টুর্নামেন্ট-২০২৩ ফাইনাল খেলায় সুবদিয়া স্পোর্টিং ক্লাব হানুড়বাড়াদি স্পোর্টিং ক্লাবকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেন । খেলার ফলাফল হানুড়বাড়াদি স্পোর্টিং ক্লাব ০ সুবদিয়া স্পোর্টিং ক্লাব ১

এ সময় বিশেষ অতিথি হিসেবে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরোজগঞ্জ পুলিশ ক্যাম্পের আইসি হারুন আর রশিদ, ডিঙ্গেদাহ বাজারের বিশিষ্ট ব্যবসায়ি জাকির হোসেন জোয়ার্দ্দার বাবু, চুয়াডাঙ্গা সোনালী লাইফ ইন্সুরেন্স কোম্পানি লিমিটেডের ব্রাঞ্চ ম্যানেজার তরিকুল ইসলাম তুহিন, খেলা পরিচালনা কমিটির সাধারণ সম্পাদক বাবুল মুন্সী।

এ সময় আরও উপস্থিত ছিলেন, শংকরচন্দ্র ইউনিয়ন যুবলীগের সাধারণ

সম্পাদক সেলিম রেজা, সাংগঠনিক সম্পাদক মাহফুজ, পদ্মবিলা ইউনিয়ন যুব লীগের সভাপতি বনফুল, যুগ্ন সাধারণ সম্পাদক সুমন মেম্বর, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি মাসুম হোসেন, সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, রিংকু ইসলাম, আমজেদ, শংকরচন্দ্র ইউনিয়ন যুবলীগ নেতা মোমিন, শামিম, সাইফুদ্দীন, রাজু, আলিফ, রাশেদ, মেহেদি, সাকিব, শুভ, মিলন, শিপন, সাইদ, রাসেল, সুজন আমান, রুবেল, ফাহাদ, শাকিল, নয়ন, সাবেক ফুটবল বৃন্দ উপস্থিত ছিলেন ।

আলমডাঙ্গার গোবিন্দপুরে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ

আলমডাঙ্গার গোবিন্দপুর জোহা মাঠে মুক্তিযোদ্ধা নূর মোহাম্মদ স্মৃতি সংঘ স্পোটিং ক্লাবের আয়োজনে মুক্তিযোদ্ধ মিনি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে অনুণ্ঠিত এ ফাইনাল খেলায় গোবিন্দপুর এশিয়া স্পোটিং ক্লাব ৩-০ গোলে বেগুয়ালখাল জেএস স্পোটিং ক্লাবকে পরাজিত করে এ টুর্নোমন্টে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।
খেলার প্রথমার্ধে তরুন দুটি ও দেলোয়ার একটি গোল করে দলকে এগিয়ে রাখন। দ্বিতীয়ার্ধে আর কোন গোল না হলে শেষ পর্যন্ত এশিয়া স্পোটিং ক্লাব ৩ গোলে বিজয়ী হয়।

এ খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান কেন্দ্রীয় যুবলীগের সাবেক প্রেসিডিয়াম মেম্বার শেখ সামসুল আবেদীন খোকন।

পুরস্কার বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে শেখ সামসুল আবেদীন খোকন বলেন,আজকে এই মাঠে যে দুটি দল খেলা করেছে,দুটি দলই ভালো খেলা উপহার দিয়েছে। যারা বিজয়ী হয়েছে তাদের ও পরাজিত হয়েছে তাদেরকেও ধন্যবাদ জানায়।

তিনি বলেন,সুস্থ জাতি গঠনে খেলাধুলার কোন বিকল্প নেই। আজকে আমাদের দেশের ছেলে মেয়েরা ভালো খেলার মাধ্যমে দেশ বিদেশে সুনাম অর্জন করে বিরল সম্মান বয়ে আনছে। তাই যারা এখানে উপস্থিত আছে সকলের উদ্দেশ্যে বলবো, লেখাপড়ার পাশাপাশি খেলাধুলায় এগিয়ে আসতে হবে। যুব সমাজকে সঠিক পথে পরিচালিত করতে হলে অবশ্যই খেলাধুলায় মনোনিবেশ করতে হবে।

বর্তমান সরকার খেলার প্রতি যথেষ্ট নজর দিয়েছে। তৃণমূল থেকে খেলোয়াড়দের তুলে আনতেনিয়মিত বঙ্গবন্ধু, বঙ্গমাতা ফুটবল খেলা হচ্ছে। ক্রিকেট,হকি,ভলিবল সব ধরনের খেলা হচ্ছে।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ৮ নং ওয়ার্ড কাউন্সিলর আশরাফুল হক বাবুর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় যুবলীগের কার্যকরী কমিটির সদস্য মোস্তাফিজুর রহমান মাসুদ,জেলা যুবলীগের সদস্য প্রফেসর মাহাবুল ইসলাম সেলিম,জেলা ক্রীড়া সংস্থার সহসভাপতি এ্যাডভোকট ফিরোজ,সাবেক কাউন্সিলর জাইদুল ইসলাম,সুমন,রুবেল মিয়া প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন সাব্বির আহম্মেদ। খেলাটি পরিচালনা করেন সোহাগ আলী । সহকারী ছিলেন মোমিন ও ননি।

গাংনীর ধলাতে ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন

গাংনীর ধলা গ্রামে ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন করেছেন। আজ বুধবার বিকাল ৫ টার সময় এ খেলা শুরু হয়।

কাথুলী ইউনিয়ন ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারন সম্পাদক ইয়ারুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক ত্রান ও সমাজ কল্যান সম্পাদক ও ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

এছাড়াও উপস্থিত ছিলেন মনিরুজ্জামান মনি সাবেক সাংগঠনিক সম্পাদক গাংনী উপজেলা আওয়ামী লীগ।রাহিবুল ইসলাম পৌর যুবলীগের সাধারন সম্পাদক, রেজাউর রহমান রেজা সভাপতি কাথুলী ইউনিয়ন কৃষক লীগ, সাহিদুজ্জামান শিপু সাবেক সহ সভাপতি মেহেরপুর জেলা ছাত্রলীগ, শাহিন আলম সাবেক সাংগঠনিক সম্পাদক মেহেরপুর জেলা ছাত্রলীগ, পলাশ আহম্মেদ সহ সভাপতি গাংনী উপজেলা ছাত্রলীগ সহ ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন,২ নং ওয়ার্ডের মেম্বর জিনারুল ইসলাম, ৫ নং ওয়ার্ডের মেম্বর ফারুক হোসেন, কাবু মিয়া, খুশি, বাশারুল ইসলাম,মালেক,সহ খেলা পরিচালনা কমিটি।

সর্বশেষ এমপি যুবকদের খেলাধুলায় মনযোগী হওয়ার আহব্বান জানান যাতে সমাজে মাদকের ভয়াল থাবায় ছেয়ে যেতে না পারে, বর্তমান তরুন সমাজ কে এগিয়ে নিতে খেলা ধুলার কোন বিকল্প নেই।খেলা ধুলা শরীর মন কে সতেজ ও সুস্থ রাখে, শরীর মন সুস্থ থাকলে সমাজ ও সুস্থ থাকবে কারন সমাজের মেরুদন্ড হচ্ছে যুবকরা। তাই খেলা ধুলা করেন নিজে ভালো থাকুন সমাজ কে ভালো রাখুন।

মুজিবনগরে চার্চ অব বাংলাদেশ বল্লভপুর ডিনারীর আয়োজনে ফুটবল টুর্নামেন্ট

মুজিবনগরে যুব সমাজে শান্তি, আনন্দ, উৎসাহ ও প্রেরণা বৃদ্ধি এবং মাদকমুক্ত যুব সমাজ গড়ার লক্ষে চার্চ অব বাংলাদেশ বল্লভপুর ডিনারীর আয়োজনে দিনব্যাপী ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকালে ডিনারীর অন্তর্গত প্যারিশ ও প্রতিষ্ঠানের সহযোগিতায় বিশপ কুষ্টিয়া ডায়োসিস রাইট রেভা:হেমেন হালদার এর সভাপতিত্বে, বল্লভপুর ডিনারীর ডিন রেভা: মৃত্যুঞ্জয় মন্ডল এর সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিশপ মহোদয়ের সহধর্মিনী

কুষ্টিয়া ডায়াসিসের উইমেন্স ফেলোশিপ এর কনভেনর জেসিকা সুপর্ণা হালদার,বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ও ওয়ার্ড সদস্য মি: বাবুল মল্লিক, ডিনারী সম্পাদক রিপন সরকার রিন্টু, বল্লভপুর মিশন হাসপাতালের এডমিন বিনিময় বিশ্বাস,রেভা:উজ্বল বিশ্বাস,রেভা: কর্নেলিয়াস মন্ডল, রেভা: গণেশ মার্ডিসহ ডিনারী অন্তর্গত প্যারিস ও প্রতিষ্ঠানের কর্মকর্তা বৃন্দ।

দিন ব্যাপি এই ফুটবল টুর্নামেন্টে কার্পাসডাঙ্গা, সাধু পিতরের গির্জা রতনপুর, নিত্যানন্দপুর,ইম্মানুয়েল চার্চ বল্লভপুর প্যারিশ, যুগিন্দা এবং ডিনারী কমিটিসহ ৬ টি ফুটবল দল অংশগ্রহন করে।

লিগভিত্তিক এই খেলায় সাধু পিতরের গির্জা রতনপুর এবং নিত্যানন্দপুর ফুটবল দল ফাইনালে উত্তীর্ণ হয়। ফাইনাল খেলায় নির্ধারিত সময়ে গোলশূন্য ড্র হলে ট্রাইবেকার অনুষ্ঠিত হয়। ট্রাইবেকারে নিত্যানন্দপুর ফুটবল দল সাধু-পিতরের গির্জা রতনপুর ফুটবল দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

মোনাখালী ফুটবল টুর্নামেন্টে প্রথম সেমিফাইনাল পরিত্যক্ত ঘোষণার দাবী

মোনাখালি ফুটবল টুর্নামেন্টে রেফারি, লাইন্সম্যান ও কমিটির পক্ষপাতিত্বের অভিযোগে এবং পুনরায় প্রথম সেমিফাইনাল ম্যাচ খেলানোর দাবীতে ‘শালিকা প্রবাসী ফুটবল একাডেমি’র সংবাদ সম্মেলন।

গতকাল বুধবার ২৩ আগষ্ট রাত সাড়ে দশটায় মেহেরপুর জেলা পরিষদের মূল ফটকের সামনে শালিকা প্রবাসী ফুটবল একাডেমির পক্ষ থেকে এই সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

সংবাদ সম্মেলনে বক্তারা অভিযোগ করেন ম্যাচের একমাত্র গোলটি হয়েছে অফসাইড থেকে, এ নিয়ে ফুটবল টুর্নামেন্ট কমিটি রিভিউ দেখে

ম্যাচের সমন্বয় করার প্রতিশ্রুতি দিলেও পরবর্তীতে তা অস্বীকার করে। সংবাদ সম্মেলনে শালিকা প্রবাসী ফুটবল একাডেমীর সদস্যরা ভিডিওতে অফসাইডের গোলটি প্রদর্শন করে দাবি করে টুর্নামেন্ট কমিটি ভিডিওটি দেখে যদি বৈধ গোল বলে ঘোষনা দেয় তবে তারা সেটা মেনে নেবে। কিন্তু যদি অফসাইড প্রমাণিত হয় তাহলে তাদের দাবি ম্যাচটা পুনরায় আয়োজন করার। এ নিয়ে বৃহস্পতিবার তারা জেলা প্রশাসক মেহেরপুর এবং জেলা ফুটবল এসোসিয়েশনে স্মারকলিপি জমা দেবে বলে তারা জানায়।

মোনাখালী ফুটবল টুর্নামেন্টে বিশ্বনাথপুর একাদশ ফাইনালে

মুজিবনগরের মোনাখালী ইউনিয়নে শহীদ ওলিউল বারী আনসার ক্লাব ও মোনাখালী গ্রামবাসির আয়োজনে ফুটবল টুর্নামেন্টে প্রথম সেমিফাইনালে মুখোমুখি হয় বিশ্বনাথপুর যুব ক্লাব একাদশ এবং শালিকা প্রবাসী একাদশ দেশী বিদেশী খেলোয়াড়দের সমন্বয়ে গঠিত দুটি দল চমকপ্রদ খেলা উপহার দেয় দর্শকদের।

উত্তেজনাপূর্ণ খেলায় বিশ্বনাথপুর যুব ক্লাব একাদশ ১-০ গোলে জয় লাভ করেন।

খেলার প্রথমার্ধ গোলশূন্য ড্র করে বিরতিতে যাই দুই দল দ্বিতীয় অর্ধের শুরুতেই গোল করে এগিয়ে যায় বিশ্বনাথপুর একাদশ। মুহু মুহু আক্রমণ চালিয়ে গোল শোধ করতে ব্যর্থ হয় শালিকা প্রবাসী ফুটবল একাদশ। ১ গোলের জয় নিয়ে ফাইনালে উত্তীর্ণ হয় বিশ্বনাথপুর যুব ক্লাব একাদশ।

খেলা শুরুতেই জাতীয় সংগীত বাজানো হয় এ সময় খেলোয়ারদের সাথে পরিচিত হন মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও আয়োজক কমিটির সভাপতি মফিজুর রহমান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিক, মোনাখালী ইউনিয়ন পরিষদের সদস্য হাবিবুর রহমানসহ কমিটির সদস্যবৃন্দ।

খেলাটি পরিচালনা করেন খেলা পরিচালনায়: ম্যাচ রেফারি ছিলেন এম. এস রিয়ান চুয়াডাঙ্গা, সহকারী রেফারি ফারাহ হোসেন লিটন আমঝুপি,সহকারী রেফারি আব্বাস আলী গাংনী, ৪র্থ রেফারি সোহেল রানা মুজিবনগর।

খেলায় ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হয়েছেন বিশ্বনাথপুর একাদশের তাইবুর।

মুজিবনগরে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের আয়োজনে মুজিবনগর উপজেলা পর্যায়ের বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার সকালে মুজিবনগর উপজেলা পরিষদ মাঠে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপজেলা পর্যায়ের টুর্নামেন্টের উদ্বোধন করেন।

মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিনের সভাপতিত্বে গোল্ডকাপ টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাকিব, বাগোওয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খানসহ উপজেলার প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষকবৃন্দ।

মুজিবনগর উপজেলার ৪টি ইউনিয়নের চ্যাম্পিয়ন দল উপজেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করছে।

কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা নূরে আলম সিদ্দিকী ফুটবলে পৌর একাদশ চ্যাম্পিয়ন

ঝিনাইদহের কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা নূরে আলম সিদ্দিকী আন্তঃইউনিয়ন ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকেলে জেলা ক্রীড়া সংস্থা ও উপজেলা ক্রীড়া সংস্থা কোটচাঁদপুরের আয়োজনে পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

খেলায় ৩ -০ গোলে জয়লাভ করেন কোটচাঁদপুর পৌর সভা ফুটবল একাদশ।

জানা যায়, ফাইনাল খেলায় অংশ গ্রহণ করে কোটচাঁদপুর পৌরসভা ফুটবল একাদশ ও বলুহর ইউনিয়ন ফুটবল একাদশের মধ্যে। খেলাটি শুরু হয় বিকাল ৫ টায় কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে।

খেলার প্রথমঅর্ধে তুমুল লড়াই হয় দুই দলের মধ্যে। প্রথম অর্ধে গোলের দেখা পাইনি কোনো দল । বিরতির পর আবার দুই দল মাঠে নামেন আবারও মনোবল নিয়ে। লড়াইও করেন গোলের জন্য।

দ্বিতীয় অর্ধেও ৩ গোলের দেখা পায় কোটচাঁদপুর পৌরসভা ফুটবল একাদশ । আর ওই ৩ গোল দিয়েই শেষ হয় খেলা। সেই সুবাদে ৩-০ গোলে বলুহর ইউনিয়ন ফুটবল একাদশ কে হারিয়ে জয়লাভ করেন কোটচাঁদপুর পৌরসভা ফুটবল একাদশ।

ফাইনাল খেলায় প্রধান অতিথি ঝিনাইদহ জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম বিজয়ী ও রানারআপ দলের হাতে ট্রফি তুলে দেন। খেলায় সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার উছেন মে।

এ সময় বিশেষ অতিথি উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, পৌর সভার প্যানেল

মেয়র শেখ সোহেল আরমান, মডেল থানার অফিসার ইনর্চাজ মঈন উদ্দিন, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, মাধ্যমিক শিক্ষা অফিসার অশোক সরকার, কৃষি অফিসার রাজিবুল হাসান, প্রাণী সম্পদ কর্মকর্তা জিল্লুর রহমান, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম, কুশান ইউনিয়ন চেয়ারম্যান শাহরুজ্জামান সবুজ, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান প্রমুখ।

খেলাটি পরিচালনা করেন রবিউল ইসলাম ও সাইদুল ঝিনাইদহ রবি জীবননগর । দর্শক কানায় কানায় পূর্ণ ছিলো ফুটবল খেলা মাঠ।

দামুড়হুদায় জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট; কুড়ালগাছি ইউনিয়ন একাদশ চ্যাম্পিয়ন

দামুড়হুদায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ্ব-১৭) এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। ফাইনাল খেলায় দর্শনা পৌরসভা একাদশ কে হারিয়ে চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করেছে কুড়ালগাছি ইউনিয়ন একাদশ।

আজ মঙ্গলবার বিকেল ৪টার দিকে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে ফাইনাল খেলায় মুখোমুখি মাঠে নামে দর্শনা পৌরসভা একাদশ বনাম কুড়ালগাছি ইউনিয়ন একাদশ।

খেলার নির্ধারিত সময়ে উভয় দল ২-২গোল করে এবং ২য়আর্ধে দর্শনা পৌরসভা একাদশ ১টি অফসাইড গোল করলে রেফারি গোলটি বাতিল বলে গণ্য করলে দর্শনা পৌরসভা একাদশ মাঠের মধ্যে বিশৃঙ্খলা সৃষ্টি করে। এসময় টুর্নামেন্ট পরিচালনা কমিটি, উপজেলা প্রশাসন ও দর্শনা পৌরসভার প্যানেল মেয়র বিষয়টি সমাধানের চেষ্টা করে ব্যর্থ হয়। দর্শনা পৌরসভা একাদশের খেলোয়াড়রা মাঠ ছেড়ে বেরিয়ে যায়। পরে

টুর্নামেন্ট পরিচালনা কমিটির সভাপতি ও দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা কুড়ুলগাছি ইউনিয়ন একাদশ কে আনুষ্ঠানিকভাবে চ্যাম্পিয়ন ঘোষণা করেন।
দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতার

সভাপতিত্বে ফাইনাল খেলার পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, দামুড়হুদা মডেল থানার পরিদর্শক (অপারেশন) সফিউল আলম, দর্শনা পৌরসভার প্যানেল মেয়র রবিউল হক সুমন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দীন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ। এসময় আরও উপস্থিত ছিলেন, উপজেলা শিক্ষা কর্মকর্তা সাকি সালাম, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসের সিএ ফয়জুল করিম, উপজেলা একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম, উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা রিয়াজুল ইসলাম ইউপি সদস্য হাসান আলী, মতিয়ার রহমান, ফরহাদ হোসেন প্রমুখ।

খেলায় রেফারির দায়িত্ব পালন করেন সৈয়দ মাসুদুর রহমান, সহকারী রেফারি ছিলেন সুবাস চন্দ্র, ইউসুফ আলী ও শহিদ আজম সদু। খেলায় ধারাভাষ্যকার ছিলেন শিক্ষক মোস্তাফিজুর রহমান, শামীম খাঁন ও জিয়া হায়দার। খেলার সার্বিক তত্বাবধানে ছিলেন টুর্নামেন্ট কমিটির সদস্য সচিব ও দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী।

আলমডাঙ্গায় জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

আলমডাঙ্গায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালক অনূর্ধ্ব ১৭) খেলা উদ্বোধন করা হয়েছে ।